গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
উন্নয়ন ও পরিকল্পনা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং- ৩১.০৪৭.০১৪.০১.০০.৬৭.২০১৩-৪৫৩

তারিখঃ ১০/১২/২০১৩ খ্রিঃ

বিষয়ঃ "ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ ও রেকর্ড প্রণয়ন এবং সংরক্ষণ (১ম পর্যায়: বিদ্যমান মৌজা ম্যাপস এবং খতিয়ানসমূহের কম্পিউটারাইজেশন)" শীর্ষক প্রকল্পের আওতায় ৫৫টি জেলায় খতিয়ানের ডাটা এন্টির পরিচালনা জন্য বিটিসিএল হতে অতিরিক্ত ২ এমবিপিএস ব্যান্ডইউথ সংযোগ নেয়া প্রসঙ্গে ।

ভূমি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন "ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ ও রেকর্ড প্রণয়ন এবং সংরক্ষণ (১ম পর্যায়: বিদ্যমান মৌজা ম্যাপস এবং খতিয়ানসমূহের কম্পিউটারাইজেশন)" শীর্ষক প্রকল্পে ৫৫টি জেলার রেকর্ডরুমে রক্ষিত ৪,৫৮,৪৩,৪০৪টি খতিয়ানের ডাটা এন্ট্রি করার লক্ষ্যে এটুআই প্রকল্প হতে সফটওয়ার সার্ভিস প্রদান করা হচ্ছে। উল্লেখ্য, এটুআই প্রকল্পের গত ২৮/০৪/২০১৩ তারিখের ০৩.০৫.০০০০.০০২.০২.১৯.১৩-৯৮৮ নং স্মারক মূলে প্রতিটি জেলা প্রশাসনকে বিদ্যমান সফটওয়ারটি উন্নততর Upgradation সম্পন্ন করে ০২টি জেলায় ডাটা এন্ট্রি কার্যক্রম পরীক্ষামূলকভাবে চালুকরতঃ সফল হওয়ার পর এ প্রকল্পের অধীনে জেলা প্রশাসকের রেকর্ড রুমের সিএস/এসএ/আরএস সহ বিভিন্ন রেকর্ডের খতিয়ানের ডাটা এন্ট্রি করার জন্য অনুরোধ করা হয়। ইতোমধ্যে উক্ত সফটওয়ারটি উন্নততর করে সিরাজগঞ্জ জেলায় ডাটা এন্ট্রি কার্যক্রম পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে।

২। উল্লেখ্য, ৯-১২-২০১৩ তারিখে ডাটা এন্ট্রি কার্যক্রম বিষয়ে আলোচনার জন্য সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় ও জাতীয় প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আপডেটেড সফটওয়ারের মাধ্যমে ডাটা এন্ট্রি করার জন্য জেলা প্রশাসকের বিদ্যমান ব্যান্ডইউথ এর অতিরিক্ত ২এমবিপিএস ব্যান্ডইউথ প্রয়োজন হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। বর্ণিত অবস্থায়, "ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ ও রেকর্ড প্রণয়ন এবং সংরক্ষণ (১ম পর্যায়: বিদ্যমান মৌজা ম্যাপস এবং খতিয়ানসমূহের কম্পিউটারাইজেশন)" শীর্ষক প্রকল্পের আওতায় ডাটা এন্ট্রি কার্যক্রম পরিচালনার জন্য প্রতিটি জেলায় বিদ্যমান ব্যান্ডইউথ এর অতিরিক্তি ২ এমবিপিএস ব্যান্ডইউথ বিটিসিএল হতে সংযোগ নেয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিটিসিএল হতে নতুনভাবে অতিরিক্ত ব্যান্ডইউথ এর সংযোগ নেয়ার ব্যয় এবং নতুনভাবে নেয়া অতিরিক্তি ২ এমবিপিএস ব্যান্ডইউথ এর প্রতিমাসের বিল এ প্রকল্প হতে বহন করা হবে।

(পুন্যব্রত চৌধুরী )
যুগ্ম-সচিব (উন্নয়ন)
ও
প্রকল্প পরিচালক,
ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ ও
রেকর্ড প্রণয়ন এবং সংরক্ষণ প্রকল্প
ফোন-৯৫৪-০০৩৭

প্রাপক,
জেলা প্রশাসক, ------------------------------ ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় ও জাতীয় প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, বিসিসি ভবন (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।
০২। মহা পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/ রাজশাহী/ চট্টগ্রাম/ খুলনা/ সিলেট/ বরিশাল।
০৪। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) ও উপ-প্রকল্প পরিচালক, --------------- ।